# আল-মুদ্দাসসির | Al-Muddathir | ٱلْمُدَّثِّر

আয়াতঃ ৭৪ : ১৫

## আরবি মূল আয়াত:

ثُمَّ يَطمَعُ اَن اَزِيدَ ﴿١٥﴾

## অনুবাদসমূহ:

এসবের পরেও সে আকাংখা করে যে, আমি আরো বাড়িয়ে দেই। — আল-বায়ান

এর পরও সে লোভ করে যে, আমি তাকে আরো দেই। — তাইসিরুল

এর পরও সে কামনা করে যে, আমি তাকে আরও অধিক দিই। — মুজিবুর রহমান

Then he desires that I should add more. — Sahih International

### ১৫. এর পরও সে কামনা করে যে, আমি তাকে আরও বেশী দেই!(১)

(১) এক. এ কথার একটি অর্থ হলো, এসব সত্বেও তার লালসা ও আকাঙ্খার শেষ নেই। এত কিছু লাভ করার পরও সে সর্বক্ষণ এ চিন্তায় বিভোর যে, দুনিয়ার সব নিয়ামত ও ভোগের উপকরণ সে কিভাবে লাভ করতে পারবে। দুই. হাসান বাসরী ও আরো কয়েকজন মনীষী বর্ণনা করেছেন যে, সে বলত, মুহাম্মাদের একথা যদি সত্য হয়ে থাকে যে, মৃত্যুর পর আরো একটি জীবন আছে এবং সেখানে জান্নাত বলেও কিছু একটা থাকবে তাহলে সে জান্নাত আমার জন্যই তৈরী করা হয়েছে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

### (১৫) এরপরও সে কামনা করে যে, আমি তাকে আরো অধিক দিই।[1]

[1] অর্থাৎ, কুফরী ও অবাধ্যতা করা সত্ত্বেও সে চায় যে, তাকে আমি আরো অধিক দিই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5510

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন